

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৮১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আশা আকাজ্ঞা ও উদ্বেগ প্রসঙ্গ

اَلْفصْلُ التَّالثُ _ (بَابِ الأملِ والحرص)

আরবী

عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَوَّلُ صَلَاحٍ هَذِهِ الْأُمَّةِ الْيَقِينُ وَالزُّهْدُ وَأَوَّلُ فَسَادِهَا الْبُخْلُ وَالْأَمَلُ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان»

سنده ضعيف ، رواه البيهقي في شعب الايمان (10844 ، نسخة محققة : 10350) * فيم ابو عبد الرحمن السلمي ضعيف جدًا و عبداللم بن لهيعة مدلس و عنعن ان صح السند اليم و للحديث لون آخر عند احمد (الزهد ص 10 ص 51) و سنده ضعيف لانقطاعه ـ

বাংলা

৫২৮১-[১৪] 'আমর ইবনু শু'আয়ব (রহিমাহুল্লাহ) তাঁর পিতার মাধ্যমে তাঁর দাদা হতে বর্ণনা করেন। নাবী (সা.) বলেছেন: এ উম্মতের কল্যাণের সূচনা হলো (আল্লাহর ওপর) ইয়াকীন বা বিশ্বাস এবং (দুনিয়া) বিমুখতা অবলম্বন করা। আর অনিষ্টতার মূল হলো কৃপণতা ও লোভ-লালসা। (বায়হাকী)

ফুটনোট

হাসান: সিলসিলাতুস সহীহাহ ৩৪২৭, যুহদ লি আহমাদ ১০, শু'আবুল ঈমান ১০৮৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ইয়াকীন বা বিশ্বাস হলো এ উম্মাতের প্রথম মানবীয় কল্যাণ, এটা পরকালীন পরিণতি বিষয়ক এবং



সংসারত্যাগ বা দুনিয়াবিরাগী বিষয়ক সূচক চিহ্ন। পক্ষান্তরে উম্মতের প্রথম ফাসাদ বা বিপর্যয় সূচক চিহ্ন হলো কৃপণতা এবং দুনিয়ার প্রতি দুর্বার আকাজ্জা ও অসীম লোভ লালসা।

হাদীসের শব্দ(الْأَمَلُ) "আকাজ্কা", 'আশা" এ শব্দের ব্যাখ্যা করতে গিয়ে 'আল্লামাহ্ মুল্লা 'আলী আল কারী (রহিমাহুল্লাহ) বলেন : (فَا لْأَمَلُ إِنَّمَا هُوَ الْفَقْلَةُ عَنْ سُرْعَةِ الْقِيَا مَةِ الصّغُورَى وَالْكُبْرَى) "দুনিয়ার আশা আকাজ্কা হলো দ্রুত কিয়ামত অনুষ্ঠিত হওয়া থেকে অর্থাৎ তার ছোট-বড় সকল লক্ষণ থেকে অমনোযোগী ও বেপরোয়া হয়ে থাকা।" আর(بُخْيلُ) "কৃপণতার উৎস স্থল হলো(حُبُّ الدُّنْيَا) দুনিয়াপ্রীতি। এর সহায়ক কথা বলেছেন হাসান বসরী (রহিমাহুল্লাহ), তিনি বলেছেন: (مَعَلَاحُ الدِّينِ الْوَرَعُ وَفَسَادُهُ الطّمَعُ) দীনের কল্যাণ হলো তাক্কওয়া ও আল্লাহভীতি আর তার বিপর্যয় বা ধ্বংস হলো লোভ-লালসা। (মিরক্রাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২৫ প্.)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনু ভু'আয়ব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন